



“বঙ্গবন্ধুর দর্শন
সমবায় উন্নয়ন”

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.১৯.০১০.১৯.৫৪৪

২৮ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ
তারিখঃ -----
১২ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ

শোকবার্তা

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ আমিনুল ইসলাম (পরিচিতি নং-৫৩৫১) ১১ জুলাই, ২০২০ খ্রি: তারিখ রোজ শনিবার সকাল ৯.৩০ ঘটিকায় করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের মাননীয় মন্ত্রী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী, সচিব এবং সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ গভীরভাবে মর্মান্বিত এবং শোকাভিভূত।

জনাব মোঃ আমিনুল ইসলাম ৮ম বিসিএস এর মাধ্যমে প্রশাসন ক্যাডারে ১৯৮৯ সালের ২০ ডিসেম্বর যোগদান করেন। সুদীর্ঘ চাকুরিজীবনে তিনি সহকারি কমিশনার; সহকারি কমিশনার (ভূমি); উপজেলা নির্বাহী অফিসার; অতিরিক্ত জেলা প্রশাসক; উপসচিব, খাদ্য মন্ত্রণালয়; জেলা প্রশাসক, সিরাজগঞ্জ; পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী; অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজশাহী হিসেবে মাঠ প্রশাসনে অত্যন্ত সুনাম ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন।

তিনি পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে মহাপরিচালক হিসেবে যোগদান করেন। যোগদানের স্বল্প সময়ের মধ্যে সরকারের নীতি ও নির্বাচনী ইশতেহারের আলোকে অনেকগুলো গুরুত্বপূর্ণ কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নে নেতৃত্ব প্রদান করেন। এর মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রম হলো- “আমার গ্রাম-আমার শহর” বিনির্মাণে নীতি নির্ধারণী গবেষণা পরিচালনা করা। তিনি পেশাগত দায়িত্ব পালনের পাশাপাশি জনকল্যাণমূলক কর্মকান্ড ও সামাজিক আন্দোলন ‘স্কাউটিং’ কার্যক্রমের সাথে নিবিড়ভাবে যুক্ত ছিলেন।

সম্প্রতি তিনি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ‘নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থা’ ক্যাটাগরিতে “শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০” অর্জন করেন। তাঁর অনুকরণীয় কর্ম-নিষ্ঠা, সততা, দক্ষতা, অমায়িক এবং আকর্ষণীয় ব্যক্তিত্বের জন্য এ বিভাগ ও এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত সকল সহকর্মীবৃন্দ তাঁকে গভীর শ্রদ্ধা ও শোকাকর্ষিত চিত্তে স্মরণ করছে।

এ বিভাগ ও এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীবৃন্দ তাঁর শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছে এবং পরম করুণাময়ের কাছে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত ও চিরশান্তি কামনা করছে।

পরম করুণাময় মহান আল্লাহ তাঁকে জান্নাত নসিব করুন।

স্বাক্ষরিত/-

মোঃ রেজাউল আহসান

সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

ফোনঃ +৮৮-০২-৯৫১২২৩২

e-mail: secretary@rdcd.gov.bd

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.১৯.০১০.১৯.৫৪৪

২৮ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ

তারিখঃ -----

১২ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৪। সভাপতি/মহাসচিব, বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রিটিভ সার্ভিস এসোসিয়েশন, ৬৩, নিউ ইস্কাটন, ঢাকা।
- ৫। মহাপরিচালক (গ্রেড-১), বিআরডিবি, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট/পরিকল্পনা ও উন্নয়ন/প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ৭। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ৮। প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ), ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
- ৯। মহাপরিচালক, বার্ড, কুমিল্লা/ আরডিএ, বগুড়া/ বাপার্ড, গোপালগঞ্জ।
- ১০। বিভাগীয় কমিশনার (সকল)
- ১১। ব্যবস্থাপনা পরিচালক/ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক, মিল্কভিটা/এসএফডিএফ/পিডিবিএফ।
- ১২। জেলা প্রশাসক (সকল)
- ১৩। মিসেস গুলশান আরা, স্বামী মরহুম মোঃ আমিনুল ইসলাম, সাবেক মহাপরিচালক, আরডিএ, বগুড়া।
- ১৪। মহা-ব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ, ৯/ডি, মতিঝিল বা/এ, ঢাকা।
- ১৫। উপসচিব (প্রশাসন/সমবায়, প্রশাসন/প্রতিষ্ঠান-১/প্রতিষ্ঠান-২/আইন/বাজেট/উন্নয়ন)/উপপ্রধান (পরিকল্পনা), এ বিভাগ।
- ১৬। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১৭। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১৮। সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৯। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২০। অফিস কপি।

(মোঃ মিজানুর রহমান)

উপসচিব

ফোনঃ +৮৮-০২-৯৫৭০৬৪৬

e-mail: admin1.section@rdcd.gov.bd